

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৫৭

১/ বিবিধ

আরবী

ارفع إزارك، فإنه أبقى لثوبك، وأتقى (وفي رواية: وأتقى)
ضعيف

أخرجه الترمذي في " الشمائل " (1 / 211 - 212) وأحمد (5 / 364) وابن سعد (6 / 44) والبيهقي في " شعب الإيمان " (2 / 224 / 2) عن الأشعث بن سليم قال: سمعت عمتي تحدث عن عمها قال: " بينا أنا أمشي بالمدينة إذا إنسان يقول: (فذكره) ، قال: فالتفت فإذا رسول الله صلى الله عليه وسلم، فقلت: يا رسول الله إنما هي بردة ملحاء. فقال: أما لك في أسوة؟ فنظرت فإذا إزاره إلى نصف ساقه ". قلت: وهذا إسناد ضعيف، عمه الأشعث اسمها رهم بنت الأسود، قال الحافظ: " لا تعرف ". وعمها اسمه عبيد بن خالد المحاربي، وهو مذكور في الصحابة. لكن للحديث شاهد قاصر من حديث الشريد بن سويد، مخرج في "الصحيحة" (1441) فراجع

বাংলা

১৮৫৭। তুমি তোমার লুঙ্গিকে উঁচু কর। কারণ তা তোমার কাপড়ের জন্য বেশী টিকসই হবে এবং তা বেশী তাকওয়ার পরিচায়ক। অন্য বর্ণনায় এসেছে তা বেশী পরিষ্কার পরিচ্ছন্নতার জন্য সহায়ক।

হাদীসটি দুর্বল।

এটিকে তিরমিযী “আশশামাইল” গ্রন্থে (১/২১১-২১২), আহমাদ (৫/৩৬৪), ইবনু সা’দ (৬/৪৪) ও বাইহাকী “শুয়াবুল ঈমান” গ্রন্থে (২/২২৪/২) আশ’য়াস ইবনু সুলাইম হতে, তিনি তার চাচা হতে, তিনি তার চাচা হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ আমরা মদীনায় হাঁটছিলাম এমতাবস্থায় এক লোক বললঃ ...। তিনি বলেনঃ আমি

লক্ষ্য করলাম যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। তখন আমি বললামঃ হে আল্লাহর রসূল! এটা সাদা কালো দাগ বিশিষ্ট কাপড়। তখন তিনি বললেনঃ আমার মধ্যে তোমার জন্য উত্তম নমুনা নেই? তখন আমি তাকিয়ে দেখলাম তার লুঙ্গি তার অর্ধ সাক পর্যন্ত রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। আশ'য়াসের চাচীর নাম হচ্ছে রুহ্ম বিনতুল আসওয়াদ। হাফিয ইবনু হাজার বলেনঃ তাকে চেনা যায় না। আর তার চাচা হচ্ছে ওবাইদ ইবনু খালেদ মুহারেবী। তাকে সাহাবীগণের মধ্যে উল্লেখ করা হয়েছে।

হাদীসটি এ ভাষায় দুর্বল হলেও শারদ ইবনু সুওয়াইদ হতে নিম্নোক্ত ভাষায় শাহেদ বর্ণিত হয়েছেঃ

তুমি তোমার লুঙ্গি উঁচু কর আর আল্লাহকে ভয় কর।

অতএব এ ভাষায় হাদীসটি সহীহ। দেখুন "সিলসিলাহ্ সহীহাহ" (১৪৪১)।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72740>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন